দৈনিক বাংলা

তারিখ 20/12/79
পৃষ্ঠা 3 কলাম 3

084



## শ্রীলঙ্কায় বাংলাদেশের নয়া হাই কমিশনার

বাংলাদেশ সরকার মিসেস তাহমিনা খানকে শ্রীলংকায় বাংলাদেশের হাই-কমিশনার নিযুক্ত করার সিদ্ধান্ত নিয়েছেন।

মিসেস তাহমিনা খান ১৯৩০ সালের ২৬শে মে জন্ম গ্রহণ করেন। তিনি ১৯৬৯ সালে সমাজকল্যাণে স্নাতক সম্মান ডিগ্রী লাভ করেন।

তিনি অনাথ বালিকা সদন, মহিলা সেবা সমিতি এবং বিশ্ব মুসলিম শান্তি কমিটিসহ বিভিন্ন সমাজকল্যাণমূলক সংস্থার সঙ্গে জড়িত ছিলেন। তিনি ঢাকা মোহাম্মদপুর কাকলি স্কুলের প্রধান শিক্ষয়িত্রী ছিলেন।

তিনি বর্তমানে বাংলাদেশ মহিলা জাতীয়তাবাদী দলের নির্বাহী কমিটি, সদস্যা, কুড়িগ্রাম সমিতির পৃষ্ঠপোষক, ঢাকা লায়নেস ক্লাবের পরিচালক, রাজশাহী-খুলনা বিভাগ কল্যাণ সমিতির নির্বাহী সদস্যা। মিসেস তাহমিনা বিবাহিতা এবং তার দুটি পুত্র সন্তান রয়েছে। খবর তথ্য বিবরণীর।